

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৮৭

তেলিয়ামুড়া, ১৬ জানুয়ারি, ২০২৪

চাকমাঘাট ব্যারেজে ২দিনব্যাপী পৌষ সংক্রান্তি মেলা

তেলিয়ামুড়া মহকুমার চাকমাঘাট ব্যারেজে গত ১৪ জানুয়ারি ২দিনব্যাপী পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন হয়। মেলার উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুঞ্জিয়াকামী বিএসির চেয়ারম্যান সুনীল দেববর্মা, তেলিয়ামুড়া বিএসির চেয়ারম্যান ভানলাল রাঞ্জল, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দীপা দেব, তেলিয়ামুড়া ব্লকের বিডিও দেবপ্রিয়া দাস প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান যমুনা দাস। রাতে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা চাকমাঘাট ব্যারেজে পৌষ সংক্রান্তি মেলায় উপস্থিত হয়ে মেলার সাফল্য কামনা করেন। মেলায় কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে সজ্জি প্রদর্শনীর আয়োজন করা হয়। মেলায় খোয়াই জেলার জেলাশাসক চাঁদনি চন্দ্রন প্রাকৃতিক বিপর্যয় বিষয়ক সচেতনতা স্টলের উদ্বোধন করেন। ২দিনব্যাপী পৌষ সংক্রান্তি মেলা উপলক্ষে তেলিয়ামুড়া মহকুমাভিত্তিক জনজাতি নৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় মহকুমার ৫টি দল অংশ নেয়। প্রতিযোগিতায় প্রথম হয়েছে তৃষাবাড়ি সিম্ফানি কালচারাল টিম। মেলা উপলক্ষে তেলিয়ামুড়া মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় থেকে সারা রাতব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
